গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি কর্মচারী হাসপাতাল
প্রশাসন-১ শাখা
www.skh.gov.bd

নম্বর- ০৫.৮৭.০০০০.০১১.১১.০০৭.২৪-৪৬

তারিখ: ২৮ পৌষ ১৪৩১ / ১২ জানুয়ারি ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি কর্মচারী হাসপাতালের রাজস্বখাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে নিম্নে উল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://skh.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | ডায়েটিশিয়ান<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ৩ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে খাদ্য ও পুষ্টি বিজ্ঞান বিষয়সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২ | স্বাস্থ্য শিক্ষাবিদ/ হেলথ্ এডুকেটর<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ৫ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্বাস্থ্য শিক্ষা বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; বা<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে মাস্টার অব পাবলিক হেলথ বা সমমানের ডিগ্রী। |
| ৩ | এ্যানেসথেটিস্ট<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ২ | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন নার্সিং ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৪ | অর্থোটিস্ট<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ২ | (ক) কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে অর্থোটিস্ট বিষয়ে অন্যূন ০৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৫ | অডিওলজিস্ট<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ২ | (ক) কোন স্বীকৃত ইনষ্টিটিউট হইতে অডিওলজি বিষয়ে অন্যূন ০৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা;<br>(খ) কোনো স্বীকৃত হাসপাতালে অডিওলজিস্ট হিসাবে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৬ | ফিজিওথেরাপিস্ট<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ১০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ফিজিওথেরাপি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত হাসপাতালে ফিজিওথেরাপিস্ট হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ৭ | অকুপেশনাল থেরাপিস্ট<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ৪ | (ক) কোন স্বীকৃত বিশ্বিবিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে অকুপেশনাল থেরাপি বিষয়ে স্যাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোনো স্বীকৃত হাসপাতালে অকুপেশনাল থেরাপিস্ট হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৮ | স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপিস্ট<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব ৩২ বছর | ২ | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি বিষয়ে অন্যূন ০৩ (তিন) বৎসর মেয়াদি ডিপ্লোমা ডিগ্রি;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | ডে কেয়ার অফিসার<br>গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; এবং<br>(গ) শিশু যত্ন কর্মসূচি এবং নার্সিং-এ অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(ঘ) কেবল মহিলা প্রার্থীদের বিবেচনা করা হইবে। |
| ১০ | বর্জ্য ব্যবস্থাপনা সুপারভাইজর<br>গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৩ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ব্যচেলর অব সাইন্স বা সমমানের ডিগ্রী। |
| ১১ | ই.পি.আই. টেকনিশিয়ান<br>গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৫ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত হাসপাতালে ই.পি.আই. টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের কাজের অভিজ্ঞতা। |
| ১২ | সহকারী লাইব্রেরীয়ান<br>গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী;অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ১৩ | পরিবার কল্যাণ পরিদর্শিকা<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৫ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ১৪ | ও.টি. টেকনিশিয়ান<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ১২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত হাসপাতালে ওটি টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ১৫ | ই.সি.জি. টেকনিশিয়ান<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত হাসপাতালে ইসিজি টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ১৬ | ইকো টেকনিশিয়ান<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত হাসপাতালে ইকো টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ১৭ | ই.টি.টি. টেকনিশিয়ান<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত হাসপাতালে ই.টি.টি. টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা; |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | (গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ১৮ | হল্টার টেকনিশিয়ান<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত হাসপাতালে হল্টার টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ১৯ | ক্যাথ ল্যাব টেকনিশিয়ান<br>(ই.সি.জি.)<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত হাসপাতালে ক্যাথ ল্যাব টেকনিশিয়ান (ই.সি.জি.) হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২০ | ক্যাথ ল্যাব টেকনিশিয়ান<br>(রেডিওগ্রাফার)<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত হাসপাতালে ক্যাথ ল্যাব টেকনিশিয়ান (রেডিওগ্রাফার) হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২১ | ইলেকট্রো মেডিকেল টেকনিশিয়ান<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত হাসপাতালে ইলেকট্রো মেডিকেল টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২২ | টেকনিশিয়ান (বায়োমেডিকেল)<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত হাসপাতালে টেকনিশিয়ান (বায়োমেডিকেল) হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২৩ | ডায়ালাইসিস টেকনিশিয়ান<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ২৭ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত হাসপাতালে ডায়ালাইসিস টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২৪ | টেকনিশিয়ান গ্যাসট্রোএন্টলজি<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত হাসপাতালে গ্যাসট্রোএন্টলজি টেকনিশিয়ান হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২৫ | কম্পাউন্ডার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে কম্পাউন্ডার হিসাবে অন্যূন ০১ (এক) বৎসরের কাজের অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | রেকর্ড কিপার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২৭ | সহকারী হিসাব রক্ষক<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২৮ | হিসাব সহকারী<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ২৯ | রেন্ট কালেকটর<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৩০ | ক্যাটালগার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স;<br>(গ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৩১ | জুনিয়র মেকানিক<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং |
| ৩২ | ইনস্ট্রুমেন্ট কেয়ারটেকার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৩৩ | হাউজ কিপার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ১০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৩৪ | লিনেন কিপার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ১০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৩৫ | ওয়ার্ড মাস্টার<br>গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার MS Office এ কাজ করিবার দক্ষতা। |
| ৩৬ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০/-) | অনূর্ধ্ব<br>৩২ বছর | ৮ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

ক. ৩১ জানুয়ারি ২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ঘ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না;

ঙ. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি অথবা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

চ. শূন্যপদ পূরণে 'সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪ অনুসরণ করা হবে;

ছ. সহকারী লাইব্রেরিয়ান, রেকর্ড কিপার, সহকারী হিসাব রক্ষক এবং হিসাব সহকারী পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে এবং শুধু ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

জ. অনলাইন ব্যতীত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না;

ঝ. নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://skh.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:-

(ক) Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪/০১/২০২৫ (মঙ্গলবার), সকাল ১০:০০ টা।

(খ) Online- আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: - ১৩/০২/২০২৫ (বৃহস্পতিবার), বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

গ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবি সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

ঘ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঙ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দিবেন।

চ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিণ ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ১-৯ নম্বর ক্রমিকের পদের জন্য ১৫০/- টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১৮/- টাকাসহ মোট ১৬৮/- টাকা এবং ১০-৩৫ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০/- টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ মোট ১১২/- টাকা এবং ৩৬ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০/- টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকাসহ মোট ৫৬/- টাকা এবং অনগ্রসর নাগরিকদের জন্য সকল গ্রেডে (ক্রমিক: ১-৩৬ পর্যন্ত) ৫০/-টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকাসহ মোট ৫৬/- টাকা অনলাইন আবেদন দাখিলের ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে আবশ্যিকভাবে জমা দিতে হবে। অন্যথায় আবেদনটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।

**প্রথম SMS:** SKH<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SKH ABCDEF

Reply: Applicant's Name, Tk. 168 or TK. 112 or TK 56 will be charged as application fee. Your PIN is xxxxxxxx. To pay fee Type SKH<Space>Yes < Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** SKH<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SKH YES xxxxxxxx

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for SKH Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://skh.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা সরকারি কর্মচারী হাসপাতালের Website: www.skh.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক (সম্ভব হলে রঙিন) Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে SKH<space>Help<space>User<space>User ID Send to 16222.
Example: SKH HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: SKH<space>Help<space> PIN<space>PIN No & Send to 16222.
Example: SKH HELP PIN 12345678

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সরকারি কর্মচারী হাসপাতালের ওয়েব পোর্টাল (www.skh.gov.bd) এবং http://skh.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য (www.skh.gov.bd) ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ট. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়াও টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdtetalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject- এ Organization Name: SKH, Post Name.*** Applicatnt's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ. ডিক্লারেশন: প্রার্থীকে আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনা অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারনা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সেলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) সংশ্লিষ্ট কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সেলর / প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(চ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

৫. উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

১২/০১/২০২৫

(মুহাম্মদ সোহেল হাসান)
অতিরিক্ত মহাপরিচালক
ও
সভাপতি, নিয়োগ কমিটি
সরকারি কর্মচারী হাসপাতাল
geh@mopa.gov.bd

নম্বর- ০৫.৮৭.০০০০.০১১.১১.০০৭.২৪- ৪৬

তারিখ: ২৮ পৌষ ১৪৩১ / ১২ জানুয়ারি ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. প্রধান উপদেষ্টার একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রধান উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রদর্শনের অনুরোধসহ);
৫. অফিস নথি।

১২/০১/২০২৫

(মুহাম্মদ সোহেল হাসান)
অতিরিক্ত মহাপরিচালক